

স্কুল ডিস্ট্রিক্ট অফ ফিলাডেলফিয়া কি NLA -দের জন্য পরিবহন  
দেয়?

ছাত্রছাত্রীরা যোগ্য বিবেচিত হলে পরিবহনের জন্য তাদের একটি  
ট্রান্সপাস দেওয়া হয়।

নিউকামার লার্নিং অ্যাকাডেমী (NLA)-এর পাঠ সফলভাবে সম্পূর্ণ  
করার পর আমার বাচ্চা কোন স্কুলে যাবে?

ছাত্রছাত্রীর অগ্রগতির উপর নির্ভর করে কার্যক্রমটি 6 মাস থেকে শুরু  
করে 2 বছর সময়ের জন্য প্রস্তুত করা হয়েছে। এর পরে, ছাত্রছাত্রীরা  
তাদের আশেপাশের অঞ্চলের হাই স্কুলে ভর্তি হতে পারে, বেন ফ্রাঙ্কলিন  
স্কুলেই থেকে যেতে পারে বা যোগ্য বিবেচিত হলে একটি স্পেশাল-  
অ্যাডমিশন স্কুলে যেতে পারে।

যদি আমার বাচ্চা কোন স্কুলে না গিয়ে থাকে বা মাত্র কয়েক বছর  
স্কুলে গিয়ে থাকে তাহলে কি হবে?

সীমিত সময় স্কুলে যাওয়া ছাত্রছাত্রীদের NLA -এর এমন একটি  
বিভাগে রাখা হতে পারে যেখানে ছাত্রছাত্রীদের সাক্ষরতার দক্ষতা বৃদ্ধি  
করার এবং অংক, সমাজ শিক্ষা, ও বিজ্ঞানের জ্ঞান ও দক্ষতার  
ঘাটতি পূরণ করার দিকে নজর দেওয়া হয়।

এই কোর্সগুলি করলে আমার বাচ্চা কি হাই স্কুলে কোন ক্রেডিট পাবে?

নিউকামার লার্নিং অ্যাকাডেমী (NLA) থেকে সফলভাবে পাঠ সম্পূর্ণ  
করলে আপনার বাচ্চা ছয়টি পর্যন্ত হাই স্কুল ক্রেডিট পেতে পারে।

আমার বাচ্চার জন্য পঠনমূলক কি সহায়তা পাওয়া যায়?

নিউকামার লার্নিং অ্যাকাডেমী'র শিক্ষকদের সাহায্যে আপনার বাচ্চাকে  
পঠনমূলক সহায়তা দেওয়া হয়।

আমার বাচ্চা কি নিউকামার লার্নিং অ্যাকাডেমী (NLA)-তে শিক্ষা-  
বহির্ভূত ক্রিয়াকলাপে অংশ নিতে পারবে?

হ্যাঁ, ছাত্রছাত্রীরা শিক্ষা-বহির্ভূত ক্রিয়াকলাপে অংশ নিতে পারবে।

## নিউকামার লার্নিং অ্যাকাডেমী

হাই স্কুলে যাওয়ার বয়সী ইংলিশ  
ভাষার শিক্ষার্থীদের জন্য একটি  
নিরাপদ এবং শিক্ষাদানের পরিবেশ

অবস্থান:  
বেঞ্জামিন ফ্রাঙ্কলিন  
হাই স্কুল  
550 N. ব্রড স্ট্রীট  
ফিলাডেলফিয়া, PA 19130

জন পরিবহনের মাধ্যমে সহজেই  
পৌঁছানো যায় !



দ্য স্কুল ডিস্ট্রিক্ট অফ ফিলাডেলফিয়া  
অফিস অফ মাল্টিপিসম্যাপ  
কারিকুলাম অ্যান্ড প্রোগ্রামস  
440 নর্থ ব্রড স্ট্রীট  
ফিলাডেলফিয়া, PA 19130  
215-400-4240

দ্য স্কুল ডিস্ট্রিক্ট  
অফ ফিলাডেলফিয়া



বেঞ্জামিন ফ্রাঙ্কলিন হাই স্কুলে  
নিউকামার লার্নিং অ্যাকাডেমী

জর্জ হ্যালি, প্রিন্সিপাল

## নিউকামার লার্নিং অ্যাকাডেমী

নিউকামার লার্নিং অ্যাকাডেমী (NLA) যে সকল ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (ELLs) সম্প্রতি U.S.-তে এসেছে তাদের জন্য শিক্ষার একটি স্বরাধিত কোর্স প্রদান করে যা স্কুলের শিক্ষাদানের পরিবেশে পঠনমূলক এবং সামাজিক ইংলিশের ভিত্তি তৈরী করে।

### NLA কার্যক্রমের লক্ষ্য

- বহিরাগত ছাত্রছাত্রীদের নিজেদের দেশে আয়ত্ত করা পঠনমূলক দক্ষতার পাশাপাশি আঞ্চলিক সংস্কৃতি এবং ভাষামূলক প্রেক্ষাপট বোঝানো এবং সেটির ভিত্তি প্রস্তুত করা
- ছাত্রছাত্রীদের ইংলিশে কথাপকখন এবং সাফরতার দক্ষতা গড়ে তোলা
- বিষয় সংক্রান্ত জ্ঞান ও দক্ষতা সনাক্ত করা এবং ঘাটতি পূরণের প্রয়াস নেওয়া
- হাই স্কুলে যাওয়ার বয়সী ELLদের গ্রাজুয়েশনের জন্য ক্রেডিট অর্জনে সমর্থ করা
- ছাত্রছাত্রীদের স্কুলের সামাজিক বাতাবরণের অন্তর্ভুক্ত করা
- পর্নাপ্ত সহায়তা পরিবেশগুলি প্রদান করার মাধ্যমে সাফল্য সুনিশ্চিত করা



### কার্যক্রমের বিবরণ

NLA 6 মাস থেকে শুরু করে 24 বছর সময়ের জন্য একটি কার্যক্রম প্রদান করে যা ইংলিশ টু স্পীকার্স অফ আদার ল্যাঙ্গুয়েজেস (ESOL) কার্যক্রমের উচ্চতর পর্যায়ে সফলতার সাথে উন্নীত হওয়ার জন্য এবং গ্রাজুয়েশনের জন্য প্রয়োজনীয় কনটেন্ট-এরিয়া (বিষয় ভিত্তিক) ক্লাসের জন্য ছাত্রছাত্রীদের প্রস্তুত করে। NLA-এর ছাত্রছাত্রীরা সাধারণত ফটোগ্রাফি বা ফিজিক্যাল এডুকেশন-এর মতো মনোনীত বিষয়গুলির পাশাপাশি দুটি ইংলিশ টু স্পীকার্স অফ আদার ল্যাঙ্গুয়েজেস (ESOL) ক্লাস, একটি অংক ক্লাস (অ্যালজেব্রা 1 বা প্রি-অ্যালজেব্রা), একটি বিজ্ঞান ক্লাস (ভৌত বিজ্ঞান), এবং একটি সমাজ শিক্ষা ক্লাস (আমেরিকান ইতিহাস) নেবে।

### যোগ্যতার ভিত্তিসমূহ

NLA-তে নথিভুক্ত হওয়ার জন্য, একজন ছাত্র/ছাত্রীকে অবশ্যই:

- ইউনাইটেড স্টেটস-এ সম্প্রতি অভিবাসিত হতে হবে (U.S.-তে এক বছরের চেয়ে কম সময়)
- ইংলিশ ছাড়া অন্য একটি ভাষায় কথা বলতে হবে (EH-40, হোম ল্যাঙ্গুয়েজ সার্ভে-এর নির্দেশ অনুযায়ী)
- W-APT (ইংলিশ ল্যাঙ্গুয়েজ প্রাকসিসিয়েন্সি টেস্ট)-এর স্কোর হতে হবে 1.0-1.9
- বয়স হতে হবে 14-20 বছর



### নির্দেশমূলক কার্যক্রম

ESOL ক্লাসে পড়া, লেখা, শোনা বা বলার ব্যক্ত নির্দেশ ছাড়াও, সহায়ক নির্দেশমূলক কৌশলগুলি ব্যবহার করে বিষয় ভিত্তিক কোর্সে ভাষা শেখানো হয়। এই সকল কৌশলগুলি পঠনমূলক সাফরতা বৃদ্ধির জন্য সুঅভ্যাস সংক্রান্ত গবেষণার উপর ভিত্তি করে, যার অন্তর্ভুক্ত হল:

- হাতে কলমে শিক্ষা
- ভাষার চারটি মাধ্যমে (পড়া, লেখা, শোনা এবং বলা) বিষয় ও ভাষা, উভয়েরই জ্ঞানের প্রয়োগ করতে ছাত্রছাত্রীদের জন্য প্রয়োজনীয় ক্রিয়াকলাপগুলি
- শুধুমাত্র ESOL ক্লাসেই নয় বরং সবকটি ক্লাসেই ভাষা শেখাতে ছাত্রছাত্রীদের রুমাগত মতামত জানানো
- ছাত্রছাত্রীদের জীবনের অভিজ্ঞতা এবং পূর্বের অভিজ্ঞতাগুলিকে অন্তর্ভুক্ত করা
- পঠনমূলক ইংলিশে ব্যবহৃত সাধারণ শব্দতালিকা এবং বাক্যের গঠনের উপরে ব্যক্ত নির্দেশ দান
- প্রায়শই সহপাঠী ছাত্রছাত্রীদের সাথে কথা বলার সুযোগ দেওয়া হয়, যাতে ধারণাগুলি সম্বন্ধে আলোচনার মাধ্যমে এবং পান্ডিত্যপূর্ণ উত্তরের মাধ্যমে ছাত্রছাত্রীরা ভাষার দক্ষতা গড়ে তুলতে পারে